

বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

শাহবাগ, ঢাকা-১০০০।

www.bangladeshmuseum.gov.bd

স্মারক নং-৪৩.২২.২৬৭৫.০০৩.০১.৮৪৫.১৭-১৮/৪৩৩৪(০৬)

তারিখঃ ০৯/০৫/২০১৮ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি জেলায় তিনজন বরণ্য ব্যক্তিত্বের স্মৃতিকেন্দ্র/সংগ্রহশালা স্থাপন শীর্ষক প্রকল্পে প্রকল্প চলাকালীন সময়ের জন্য অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে নিম্নবর্ণিত পদে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের(পুরুষ/মহিলা) নিকট থেকে নির্ধারিত ফরমে (www.bangladeshmuseum.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১০	১(এক)টি	কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ডিপ্লোমা প্রকৌশল (সিভিল) বিষয়ে ২য় শ্রেণীর ডিগ্রী এবং কোন উন্নয়ন প্রকল্পে কমপক্ষে ৩(তিন) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :-

- প্রার্থীকে আবেদনপত্র প্রকল্প পরিচালক, ৩টি জেলায় তিনজন বরণ্য ব্যক্তিত্বের স্মৃতিকেন্দ্র/সংগ্রহশালা স্থাপন প্রকল্প, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা বরাবরে আগামি ২৫/০৫/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। আবেদনপত্রের সাথে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার যে কোন তফসিলী ব্যাংকের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে এবং ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফর্মের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহনযোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ৪(চার) কপি ৫x ৫ সে.মি. সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অজিতার সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও নাগরিকত্ব সনদ একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূলকপি দেখাতে হবে।
- খামের উপর প্রার্থীর নিজের নাম ঠিকানাসহ আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৯.৫" x ৪.৫" সাইজের একটি ফেরত খাম ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের সন্ধ্যা আবেদনপত্র পৌঁছাতে হবে।
- প্রার্থীদের বয়স ২৫/০৫/২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান, এতিমখানা নিবাসী ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পোষ্য হলে আবেদনকারীকে উপযুক্ত সনদ দাখিল করতে হবে, যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহন অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ বা আংশিক সংশোধন, গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে এবং পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগকৃতদের প্রকল্প পরিচালক, ৩টি জেলায় তিনজন বরণ্য ব্যক্তিত্বের স্মৃতিকেন্দ্র/সংগ্রহশালা স্থাপন প্রকল্প, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকায় যোগদান করতে হবে।
- অগ্রহী প্রার্থীদের সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্বহস্তে পূরণ/কম্পিউটার মুদ্রণ পূর্বক আবেদন দাখিল করতে হবে।

মো: আবদুল মজিদ

প্রকল্প পরিচালক(উপসচিব)